বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ

তারিখ 29 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 4

032

(80)

# তিন ঘণ্টা পরে পরীক্ষা শুরু

খুলনা, ২৮শে মার্চ (জেলা বার্তা পরিবেশক)।—উপজেলা নির্বাহী কর্মকর্তা তার বাসায় প্রশ্নপত্রের বাণ্ডিল তালা দিয়ে রেখে চলে যাওয়ায় আজ বটিয়াঘাটা উপজেলা কেন্দ্রে এসএসসি পরীক্ষা নির্ধারিত সময়ের ৩ ঘন্টা পরে শুরু হয়।

আজ সকালে টাইপ লিখন (তৃতীয়) পরীক্ষা ছিল। সকাল ১০টায় পরীক্ষার্থী ও পরিদর্শকবৃন্দ যথারীতি কেন্দ্রে উপস্থিত হন; কিন্তু তারা জানতে পারেন, প্রশ্নপত্র কেন্দ্রে পৌঁছেনি। জানা গেছে, উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রশ্নপত্র তালা দিয়ে বাসায় চাবি রেখে গতকাল খুলনা শহরে আসেন। পরে পরীক্ষা পরিচালনা কমিটি তার সাথে যোগাযোগ করে চাবী এনে প্রশ্নপত্র বের করেন এবং দুপুর ১টায় পরীক্ষা যখন শুরু হয় তখন তা শেষ হবার কথা ছিল।

## বহিষ্কৃত পরীক্ষার্থীর হাতে নির্বাহী কর্মকর্তা প্রহৃত

বগুড়া, ২৮শে মার্চ (নিজস্ব সংবাদদাতার ফোন)।—গতকাল শেরপুরে মাসুদ জামান নামক একজন বহিস্কৃত পরীক্ষার্থীর কিলঘুষিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা আবদুল রশীদ আহত হয়েছেন। কেন্দ্রের ৮ জন পরীক্ষার্থীকে বহিস্কার করে মোটর সাইকেলযোগে অফিসে আসার সময় বহিস্কৃত ছাত্র মাসুদ জামান তাকে পথরোধ করে কিলঘুষ মেরে পালিয়ে যায়। এ ব্যাপারে শেরপুর থানায় একটি মামলা দায়ের করা হয়। এ নিয়ে পরপর দু'জন নির্বাহী কর্মকর্তা এই উপজেলায় বহিস্কৃত ছাত্রের হাতে প্রহৃত হলেন।